গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

# জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)

## "দক্ষতা নিয়ে যাবো বিদেশ, রেমিট্যান্স দিয়ে গড়বো স্বদেশ"

# সুষ্ঠু ও নিরাপদ অভিবাসনের জন্য করণীয়

## বিদেশে চাকরির উদ্দেশ্যে গমনের পূর্বে ভালোভাবে দেখে নিন সব ঠিক আছে কিনা?

- বৈধ পাসপোর্ট
- কর্মসংস্থানের ভিসা
- মেডিকেল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)
- কোন দেশে কোন কাজে যাবেন সে সম্পর্কে নিজের দক্ষতা যাচাই করুন
- ডিমান্ড লেটার
- চুক্তিপত্র বা কন্ট্রাক্ট পেপার গন্তব্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস কর্তৃক সত্যায়িত কিনা যাচাই করা
- গন্তব্য দেশের জন্য নির্ধারিত অভিবাসন ব্যয়
- চাকরির বিবরণ, বেতন ও অন্যান্য সুবিধাদি
- মূল রিক্রুটিং এজেন্সির নাম, ঠিকানা, মোবাইল নং, ই-মেইল ইত্যাদি
- বিএমইটি'র ছাড়পত্র বা স্মার্ট কার্ড
- বিমানের টিকিট
- গন্তব্য দেশের দূতাবাস/ হাইকমিশনের শ্রম কল্যাণ উইং এর ঠিকানা, ফোন নং, মোবাইল নং, ই-মেইল ইত্যাদি
- জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ঢাকা এর ওয়েবসাইট এবং তথ্য ও অভিযোগ কেন্দ্র সম্পর্কে ধারণা
- ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা এর কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।
- BMET এর TTC থেকে প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন, বাধ্যতামূলক ৩ দিনের Predeparture Orientation (PDO) প্রশিক্ষণ এবং Emigration Clearance (বহির্গমন ছাড়পত্র) এর জন্য ভিজিট করুন www.oep.gov.bd



## দেশভিত্তিক কর্মসংস্থানের জরুরি তথ্য

### সৌদিআরব:

সৌদিআরবে গমনের পূর্বে Takamol কর্তৃক পরিচালিত Skill Verification Program (SVP) (www.svp-international.pacc.sa) এর আওতায় Skill Test নির্ধারিত টিটিসি থেকে সম্পন্ন করবেন। টিটিসির তালিকা বিএমইটির ওয়েবসাইট www.bmet.gov.bd তে পাওয়া যাবে।

Skill Test এর পূর্বে আপনি মাত্র ২০০০ (দুই হাজার) টাকা দিয়ে বিএমইটি কর্তৃক পরিচালিত নির্ধারিত টিটিসিতে ৩ দিনের সংক্ষিপ্ত প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন।

Takamol কর্তৃক SVP এর আওতায় টিটিসিতে Skill Test দেওয়ার জন্য www.svp-international.pacc.sa পোর্টালে গিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হয়। এছাড়া এই ঠিকানায় ব্রাউজ করে টেস্ট সেন্টারের তালিকা, স্কিল টেস্টের ফলাফল, Takamol সার্টিফিকেটের সঠিকতা যাচাই করা যায়।

### জাপান:

জাপানে গমনের পূর্বে জাপানিজ ভাষায় দক্ষতা অত্যাবশ্যক। Construction Worker, Factory Worker and Heavy Driver এর ক্ষেত্রে ন্যূনতম N5 এবং অন্যান্য ক্ষেত্রে N4 বা N3 Level প্রযোজ্য। BMET এর TTC থেকে N5 Level সমাপ্ত করে আপনি জাপানের কোনো Languege School থেকে N4 Complete করতে পারেন।

### মালয়েশিয়া:

মালয়েশিয়া গমনের পূর্বে CIDB কর্তৃক পরিচালিত Skill Test সম্পন্ন করবেন যা বর্তমানে খুলনা টিটিসিতে চলমান রয়েছে এবং পর্যায়ক্রমে ঢাকা, চট্টগ্রাম এবং রাজশাহীতে চালু করা হবে।

## বিদেশ গমনের প্রাক্কালে করণীয় ও বর্জনীয়

- গন্তব্য দেশে বাংলাদেশ দূতাবাসের ঠিকানা ও ফোন নম্বর সাথে রাখুন এবং যে কোনো সমস্যায় যোগাযোগ করুন;
- সকল কাগজপত্রের এক সেট বাড়িতে এবং কমপক্ষে ৩ সেট নিজের সাথে রাখবেন;
- রিক্রুটিং এজেন্সির সাথে ব্যাংকের মাধ্যমে লেনদেন করুন এবং অর্থের রশিদ সংগ্রহপূর্বক সংরক্ষণ করবেন;
- রিক্রুটিং এজেন্সির সাথে সকল প্রকার আর্থিক লেনদেন সংশ্লিষ্ট এজেন্সির ব্যাংক একাউন্টের মাধ্যমে করবেন;
- প্রযোজ্য ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র (প্রেসক্রিপশন) এবং প্রয়োজনীয় ঔষধপত্র সঙ্গে নিবেন;
- গন্তব্য দেশের আইন-কানুন, আচার-আচরণ, আবহাওয়া, ভাষা, সংস্কৃতি, খাদ্যাভ্যাস ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা রাখবেন;
- ভিসা ও আনুষঙ্গিক কাগজপত্র সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস অথবা ঢাকাস্থ বিএমইটি অফিস হতে যাচাই করে নিন;
- গন্তব্য দেশে কোনো অবস্থায় মাদক বা নেশা জাতীয় কোনো দ্রব্য গ্রহণ, বহন, সেবন, সংরক্ষণ বা ক্রয়-বিক্রয় করা যাবে না এবং বিদেশে যাবার সময় কোনো প্রকার মাদক বা নেশা জাতীয় দ্রব্য সাথে নেয়া যাবে না;
- মনে রাখা দরকার, গন্তব্য দেশে অবৈধভাবে ঔষধ সংরক্ষণ বা নেশা জাতীয় দ্রব্য বহন ও সেবনের কারণে ধৃত হলে অপরাধের ধরন অনুযায়ী বিভিন্ন মেয়াদে সাজা হয়ে থাকে, এমনকি সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডও হতে পারে;
- কারো সুপারিশে এমন কোনো প্যাকেট আপনার লাগেজে নিবেন না যার ভিতরে কী আছে আপনি জানেন না;
- নিজের নামে একটি এবং পরিবারের অন্য কোনো সদস্যের নামে একটিসহ কমপক্ষে ২টি ব্যাংক একাউন্ট খুলে বিদেশ যাবেন।

## মনে রাখবেন ফ্রি ভিসা বলে কিছু নেই

ইতোপূর্বে কথিত ফ্রি ভিসায় গমনকারী অনেকে বিদেশে বেকার অবস্থায় দুঃসহ জীবনযাপন করছেন। এ ধরনের কোনো ভিসা হাতে পেলে অন্যান্য কাগজপত্রসহ তা বিএমইটি, ঢাকা বা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে ভালোভাবে যাচাই করে নিন এবং গন্তব্য দেশে আপনার সুনির্দিষ্ট কাজ, বেতন ও অন্যান্য প্রাপ্য সুযোগ সুবিধা সম্পর্কে নিশ্চিত হয়ে নিন। সংশ্লিষ্ট মূল এজেন্সির নাম, লাইসেন্স নং, অফিসের ঠিকানা, মোবাইল নং, ফোন নং এবং ই-মেইল আইডি সম্পর্কে ধারণা নিন এবং বিদেশস্থ ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর পরিবারের সদস্যদের অবহিত রাখুন।

## বিদেশ গমনের পর করণীয়

- যে দেশে থাকবেন সেই দেশের সামাজিক রীতিনীতি ও আইন-কানুন অবশ্যই মেনে চলবেন;
- নিজ দেশে এবং গন্তব্য দেশে অসামাজিক কার্যকলাপ থেকে সম্পূর্ণ বিরত থাকুন;
- নিজের লাগেজ ছাড়া অন্য কোনো ব্যক্তির এমনকি কোনো আত্মীয় বা পরিচিত হলেও তার জিনিসপত্র বহন করবেন না;
- মনে রাখবেন অবৈধ কোনো জিনিস বহনের দায়ভার বহনকারীকেই নিতে হয়;
- ধূমপান নিষিদ্ধ এলাকায় ধূমপান করলে কঠোর শাস্তি হয়;
- রাস্তা-ঘাটে বা যানবাহনে দল বেঁধে হৈ হল্লা করবেন না;
- সংশ্লিষ্ট দেশের ট্রাফিক আইন মেনে রাস্তায় চলাচল করবেন;
- অত্যাধিক তাপমাত্রার সময় প্রয়োজনীয় বিশ্রাম নিবেন এবং বেশি বেশি পানীয় পান করবেন;
- ঝুঁকিপূর্ণ কাজের ক্ষেত্রে নিরাপত্তা ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন;
- গন্তব্য দেশে যৌন হয়রানিমূলক কর্মকান্ড হতে নিজেকে বিরত রাখবেন। অন্যথায় মৃত্যুদন্ড পর্যন্ত হতে পারে;
- বৈধ চ্যানেলে দেশে টাকা/রেমিট্যান্স পাঠাবেন। হুন্ডি ও অন্যান্য লাইসেন্স বিহীন অবৈধ এজেন্টের মাধ্যমে টাকা/রেমিট্যান্স পাঠাবেন না।

## প্রবাসী কর্মীদের দৃষ্টি আকর্ষণ

**আপনি জানেন কি বৈধপথে বিদেশ যাওয়া সকল কর্মী এখন জীবন বীমার আওতায়?**

### প্রবাসী কর্মী বীমা:

১২ মার্চ ২০২৩ খ্রি. তারিখ হতে যেসকল অভিবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র নিয়ে কর্মসংস্থানের জন্য বিদেশ গমন করেছেন তাদের জন্য এককালীন মাত্র ১০০০ টাকা প্রিমিয়ামে প্রবাসী কর্মী বীমা চালু রয়েছে। এই বীমার মেয়াদ হল কার্ড ইস্যুর তারিখ হতে ৫(পাঁচ) বছর। বীমার অংক/মূল্য ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা।

### সুবিধাসমূহ:

(ক) বিএমইটি'র কার্ডধারী যেকোনো অভিবাসী কর্মী তার মৃত্যুজনিত কারণে এই বীমার অংক/মূল্য সমপরিমাণ অর্থাৎ ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা প্রাপ্য হবেন;

(খ) সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা বা পঙ্গুত্বের কারণে এই বীমার অংক/মূল্য সমপরিমাণ ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা প্রাপ্য হবেন;

(গ) আংশিক স্থায়ী অক্ষমতা বা পঙ্গুত্বের কারণে এই বীমার অংক/মূল্যের ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার ১০% হতে ৯০% পর্যন্ত টাকা প্রাপ্য হবেন;

(ঘ) বিদেশ গমনের ৬ মাসের মধ্যে চাকুরিচ্যুত হয়ে দেশে ফিরে আসলে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রাপ্য হবেন।

**বিএমইটি কর্তৃক পরিচালিত কোনো টিটিসিতে ভর্তি বা পাস করিয়ে দেয়া বা বহির্গমন ছাড়পত্রের জন্য কোনো ব্যক্তি বা সংঘবদ্ধ চক্র আপনার কাছে অবৈধ আর্থিক লেনদেনের প্রস্তাব দিলে আপনার নিকটস্থ আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যকে তথ্য দিয়ে সহযোগিতা করুন। নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়নে আপনার সহযোগিতা একান্ত কাম্য।**


**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
ফোনঃ ৯৩৩৩৩৪৪, ওয়েবসাইট: www.probashi.gov.bd
হটলাইন নং: ১৬১৩৫ (টোল ফ্রি)
বিদেশ থেকে: +৮৮০ ৯৬১০১০২০৩০

**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)**
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.bmet.gov.bd

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
ওয়েবসাইট: www.wewb.gov.bd

**তাকামল ও জাপান সাপোর্ট সেন্টার**
বিএমইটি ভবন (৪র্থ তলা), কাকরাইল, ঢাকা। মোবাইল: 01901165981, 01901165982



মুদ্রণ: জাইয়ান প্রিন্টার্স, নীলক্ষেত, ঢাকা। ০১৯৪০-৯৭৮১৮১